# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর আওতায় কর্মসূচির অধীনে বাস্তবায়নের জন্য বিভিন্ন কার্যক্রমে কৃষকের অংশীদারিত্ব সেচ যন্ত্রের ভাড়া ও জামানত নির্ধারণ সংক্রান্ত নীতিমালা।

অনুন্নয়ন খাতে বাস্তবায়নাধীন কর্মসূচিসমুহের (PPNB) আওতায় সংস্থানকৃত সেচযন্ত্রসমুহে কৃষকের অংশীদারিত্ব ফি, ভাড়া, জামানত, ইত্যাদি আদায় সর্ম্পকে নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলোঃ

## ১.০ *কৃষকের অংশীদারিত্বঃ*

১.১ *সেচনালা নির্মাণের পার্টিসিপেশন ফি ঃ* প্রতিটি ৫-কিউসেক ও ২-কিউসেক পাম্পিং সেটের সেচনালা নির্মাণের জন্য কৃষকগ্রুপ যথাক্রমে ১২,০০০/ ও ৬,০০০/ টাকা করে এবং ২-কিউসেক ফোর্সমোড পাম্প/গভীর নলকূপের সেচনালা নির্মাণের জন্য ১০,০০০/- টাকা পার্টিসিপেশন ফি ব্যাংক ড্রাফট/পে-অডার আকারে বিএডিসি'র স্থানীয় দপ্তরে জমা প্রদান করবেন।

১.২ *সেচযন্ত্র বিদ্যুতায়নের পার্টিসিপেশন ফিঃ* প্রতিটি ৫-কিউসেক ও ২-কিউসেক পাম্পিং সেটের এবং প্রতিটি ২-কিউসেক ফোর্সমোড নলকুপের বিদ্যুতায়নের জন্য কৃষকগ্রুপ ১৫০০০/- টাকা পার্টিসিপেশন ফি ব্যাংক ড্রাফট/পে-অডার আকারে বিএডিসি'র স্থানীয় দপ্তরে জমা প্রদান করবেন।

১.৩ *ফোর্সমোড পাম্প/গভীর নলকূপ স্থাপনের পার্টিসিপেশন ফিঃ* প্রতিটি ২-কিউসেক ফোর্সমোড পাম্প/গভীর নলকূপ স্থাপনের জন্য কৃষকগ্রুপ ১৩,৫০০/- টাকা পার্টিসিপেশন ফি ব্যাংক ড্রাফট/পে-অডার আকারে বিএডিসি'র স্থানীয় দপ্তরে জমা প্রদান করবেন।

## ২.০ *সেচযন্ত্রের ভাড়াঃ*

২.১ *বোরো মৌসুমে সেচযন্ত্রের ভাড়াঃ* ডিজেল ও বিদ্যুত চালিত ৫-কিউসেক, ২-কিউসেক ও ১-কিউসেক পাম্পিং সেটের জন্য বোরো মৌসুমে কৃষকগ্রুপ যথাক্রমে ১৫,০০০/-, ৬,০০০/- ও ৩,০০০/- টাকা করে এবং ২-কিউসেক ফোর্সমোড পাম্প/গভীর নলকুপের জন্য ১৩,৫০০/- টাকা অগ্রীম ভাড়া, ব্যাংক ড্রাফট/পে-অডার আকারে বিএডিসি'র স্থানীয় দপ্তরে জমা প্রদান করবেন।

২.২ *আমন মৌসুমে সেচযন্ত্রের ভাড়াঃ* আমন মৌসুমে কৃষকগ্রুপের চাহিদার প্রেক্ষিতে ৫-কিউসেক, ২-কিউসেক ও ১-কিউসেক শক্তিচালিত পাম্পিং সেট ও ২-কিউসেক ফোর্সমোড পাম্প/গভীর নলকুপের জন্য কৃষকগ্রুপ যথাক্রমে ৭,৫০০/- ৩,০০০/-, ১,৫০০/- ও ৬,৭৫০/- টাকা করে অগ্রীম ভাড়া হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অডার আকারে বিএডিসি'র স্থানীয় দপ্তরে জমা প্রদান করবেন।

## ৩.০ *জামানতঃ*

প্রতিটি ৫-কিউসেক, ২-কিউসেক ও ১-কিউসেক পাম্পিং সেটের বিপরীতে জামানত বাবদ পাম্পিং সেট সরবরাহের পূর্বে কৃষকগ্রুপ যথাক্রমে ২০০০/-, ১৫০০/- ও ১০০০/- টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অডার আকারে বিএডিসি'র স্থানীয় দপ্তরে জমা প্রদান করবেন। এই জামানত ফেরত যোগ্য। কৃষকগণ পাম্প ব্যবহারের পর মৌসুম শেষে নির্ধারিত সময়ে নিজ খরচে পাম্পিং সেট বিএডিসি'র নিকটস্থ অফিসে জমা দিবেন। জমা দেওয়ার পর গৃহীত জামানত কৃষকগ্রুপকে ফেরৎ দেওয়া হবে। কৃষকগ্রুপ মৌসুম শেষে পাম্পিং সেট বিএডিসি'র গুদামে ফেরত দিতে ব্যর্থ হলে স্থানীয় প্রশাসনের সহযোগীতায় উক্ত পাম্পিং সেট মেরামতের জন্য বিএডিসি নিজ উদ্যোগে বিএডিসি'র গুদামে ফেরত আনবে। সেক্ষেত্রে জামানতের টাকা হতে পরিবহণ ব্যয় সমন্বয় করা হবে।

৪.০ *চুক্তিপত্র সম্পাদনঃ* পাম্পিং সেট ভাড়া ও পাম্প ব্যবহারের জন্য বিএডিসি ও কৃষকগ্রুপের মধ্যে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার ষ্ট্যাম্পের উপর সংযুক্ত নমুনা মোতাবেক একটি চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

*অঃ পৃঃ দ্রঃ*

সে/৮



*৫.০ মেরামত ও রক্ষনাবেক্ষণঃ*

৫.১ বিএডিসি মৌসুম শুরুর পূর্বে সকল সেচযন্ত্র সংস্থার খরচে মেরামত করে ব্যবহার উপযোগী করে রাখবে। ভাড়া নেয়ার পর যাবতীয় রক্ষণাবেক্ষণ কৃষকগ্রুপ বহন করবেন। তবে এক্ষেত্রে বিএডিসি প্রয়োজনীয় কারিগরী সহায়তায় প্রদান করবে।

৫.২ সেচ মৌসুম চলাকালীন সময়ে সেচযন্ত্র মেরামতের জন্য কোন যন্ত্রাংশ প্রয়োজন হলে বিএডিসি উক্ত সেচযন্ত্রের ভাড়া বাবদ যে অর্থ আদায় করবে উহার এক তৃতীয়াংশের সমপরিমান অর্থ বহন করবে। অবশিষ্ট অর্থ কৃষকগ্রুপ কর্তৃক বহন করতে হবে।

*৬.০ সেচযন্ত্র ফেরৎ ঃ* বোরো মৌসুমে ভাড়া প্রদানকৃত পাম্পিং সেট অবশ্যই ৩১শে মে এবং আমন মৌসুমে ভাড়াকৃত পাম্প ৩০শে নভেম্বর মধ্যে কৃষকগ্রুপ নিজ দায়িত্বে ও নিজ খরচে বিএডিসি'র নিকটস্থ অফিসে জমা দিবেন।

# পাম্পিং সেট ব্যবহারের চুক্তিপত্রের নমুনা

এই চুক্তিপত্র অদ্য ------------ খ্রীষ্টাব্দের ------------- মাসের ------------ তারিখে এবং ---------------বঙ্গাব্দের----------- মাসের ---------তারিখে উভয় পক্ষের মধ্যে সম্পাদিত ও স্বাক্ষরিত হলো।

চুক্তিপত্রটি বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, প্রধান কার্যালয়, "কৃষি ভবন", ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ (পরবর্তী পর্যায়ে " বিএডিসি" রূপে অভিহিত হবে এবং বিএডিসি শব্দটি স্থানীয় কর্মকর্তা বা স্থলাভিষিক্তকে বুঝাবে)। -------------------১ম পক্ষ।
এবং

জনাব----------------------------- পিতা------------------গ্রাম---------------ডাকঘর--------- থানা----------জেলা------ ---------------------- পাম্পিং সেট ব্যবহারকারী কৃষকগ্রুপের সেক্রেটারী/প্রকল্প ব্যবস্থাপক বা স্থলাভিষিক্তকে বুঝাবে। --------------- ------ ২য় পক্ষ।

এর মধ্যে সম্পাদিত হলো।

১। ---------------------- সেচ মৌসুমে -------------------স্কীমে বরাদ্ধকৃত পাম্পিং সেট বিএডিসি কর্তৃক আরোপিত শর্তাবলী ও নীতিমালা পালন সাপেক্ষে সরবরাহ করা হবে।

২। ----- ---------- সেচ মৌসুমের অনুমোদিত প্রকল্পের জন্য প্রতিটি --------- কিউসেক পাম্পিং সেটের বিপরীতে ----------------- (কথায়) টাকা ভাড়া হিসাবে ধার্য করা হলো। এই অর্থ পাম্পিং সেট সরবরাহের পূর্বে প্রকল্পের সুবিধাভোগী কৃষকগ্রুপ কর্তৃক বিএডিসি'কে এককালীন প্রদানযোগ্য/পরিশোধযোগ্য হবে।

৩। পাম্পিং সেট সরবরাহের পূর্বে প্রকল্পের সুবিধাভোগী কৃষকগ্রুপ কর্তৃক প্রতিটি ------কিউসেক পাম্পিং সেটের বিপরীতে ------------ (কথায়) টাকা জামানত হিসাবে বিএডিসি'কে এককালীন প্রদানযোগ্য/পরিশোধযোগ্য হবে। এ জামানত ফেরত যোগ্য হবে।

৪। প্রতিটি ------------ কিউসেক পাম্পিং সেটের স্কীমের আওতায় ন্যুনতম --------- হেক্টর সেচযোগ্য জমি থাকতে হবে।

৫। স্কীমের সুবিধাভোগী কৃষকদের মধ্য হতে গঠিত নির্বাহী পরিচালনা কমিটির পক্ষে স্কীম ব্যবস্থাপক বিএডিসি'র সাথে স্কীমের স্বার্থে বিভিন্ন বিষয়ে যোগাযোগ রক্ষা করবেন।

৬। স্কীম এলাকায় পাম্প সেট পরিবহন, স্থাপন ও প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের যাবতীয় ব্যয়ভার ব্যবহারকারী কৃষকগ্রুপ বহন করবেন।

৭। পাম্প চালানোর জন্য যথার্থ মানের প্রয়োজনীয় তৈল-জ্বালানী কৃষকগ্রুপ সরবরাহ করবেন।

৮। সেচ মৌসুম চলাকালীন সময়ে সেচযন্ত্র মেরামতের জন্য কোন যন্ত্রাংশ প্রয়োজন হলে বিএডিসি উক্ত সেচযন্ত্রের ভাড়া বাবদ যে অর্থ আদায় করবে উহার এক তৃতীয়াংশের সমপরিমান অর্থ বহন করবে। অবশিষ্ট অর্থ কৃষকগ্রুপ কর্তৃক বহন করতে হবে।

৯। আনুষাঙ্গিক সরঞ্জামাদিসহ পাম্পের সার্বিক নিরাপত্তা ব্যবস্থার দায়িত্ব কৃষকগ্রুপের উপর ন্যস্ত থাকবে।

১০। নিরাপত্তা বা অন্য কোন কারণে পাম্প নিকটবর্তী নিরাপদ স্থানে সরানোর প্রয়োজন দেখা দিলে বিএডিসি'র সিদ্ধান্ত অনুযায়ী কৃষকগ্রুপ নিজ খরচে সরানোর ব্যবস্থা করবেন। কৃষকগণ পাম্প ব্যবহারের পর মৌসুম শেষে নির্ধারিত সময়ে নিজ খরচে পাম্পিং সেট বিএডিসি'র নিকটস্থ অফিসে জমা দিবেন। জমা দেওয়ার পর গৃহীত জামানত কৃষকগ্রুপকে ফেরৎ দেওয়া হবে। কৃষকগ্রুপ মৌসুম শেষে পাম্পিং সেট বিএডিসি'র গুদামে ফেরত দিতে ব্যর্থ হলে স্থানীয় প্রশাসনের সহযোগীতায় উক্ত পাম্পিং সেট মেরামতের জন্য বিএডিসি নিজ উদ্যোগে বিএডিসি'র গুদামে ফেরত আনবে। সেক্ষেত্রে জামানতের টাকা হতে পরিবহণ ব্যয় সমন্বয় করা হবে। এ বিষয়ে কৃষকগ্রুপের কোন আপত্তি গ্রাহ্য করা হবে না।

১১। আরবিট্রেশনঃ এ চুক্তিপত্র হতে যদি কোন আপত্তি/বিতর্ক বা বিরোধ দেখা দেয় তবে প্রধান প্রকৌশলী ( ক্ষুদ্রসেচ) বা তাঁর মনোনীত কোন কর্মকর্তা বিরোধ নিস্পত্তিকল্পে সোল আরবিট্রেটর হিসাবে কাজ করবেন এবং তাঁর রোয়োদাদ (এওয়ার্ড) উভয় পক্ষের নিকট চুড়ান্ত বলে বিবেচিত হবে। যে কোন আরবিট্রেশন বা শালিসীর আবেদন পত্র সংশ্লিষ্ট কর্মসূচি পরিচালকের এর মাধ্যমে প্রধান প্রকৌশলী ( ক্ষুদ্রসেচ) এর নিকট পাঠাতে হবে। শালিসীর পূর্বে শর্ত হলো, বিতর্কিত বিষয়ে আদালতে কোন প্রকার নালিশ করার পূর্বে করতে হবে। শালিসী কার্যক্রম ১৯৪০ সালের আরবিট্রেশন এ্যাক্ট অনুসারে পরিচালিত হবে।

উপরোক্ত সমস্ত তথ্য এবং শর্তাবলী যথাযথ অবগত হয়ে ও মেনে নিয়ে নিম্নবর্ণিত স্বাক্ষীগণের সম্মুখে নিজ নিজ পক্ষে অত্র চুক্তিপত্র স্বাক্ষরসহ সীল প্রদান করা হলো।

| বিএডিসির পক্ষে | প্রকল্পের কৃষকগ্রুপের পক্ষে |
|---|---|
| কর্মসূচি পরিচালক | ১। সভাপতি, প্রাইমারী কমিটি |
| বিএডিসি------------------ | |
| (সীল) | |
| | ২। সেক্রেটারী/প্রকল্প ব্যবস্থাপক |

| স্বাক্ষীঃ | স্বাক্ষীঃ |
|---|---|
| ১। | ১। |
| ২। | ২। |